সমকাল

তারিখ ... 11 JUN 2016 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৬ ...

# ঢাবির দুই শিক্ষার্থীর ওপর হামলাকারীদের শাস্তি দাবি

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ম্যানেজমেন্ট বিভাগের ছাত্রী ফারিয়া তাবাসসুম জ্যোতি ও তার বড় ভাই ফলিত গণিত বিভাগের ছাত্র এজাবুল হকের ওপর হামলাকারীদের গ্রেফতার ও শাস্তি দাবি করেছেন শিক্ষক-শিক্ষার্থীরা। গতকাল শুক্রবার সকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অপরাজেয় বাংলার পাদদেশে আয়োজিত এক মানববন্ধন থেকে এ দাবি করা হয়। ম্যানেজমেন্ট পরিবার ঢাকা বিশ্ববিদ্যালয় মানববন্ধনটির আয়োজন করে।

মানববন্ধনে উপস্থিত ছিলেন ম্যানেজমেন্ট বিভাগের চেয়ারম্যান এম আলী আক্কাস, সাকসেস ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা ড. মোশাররফ হোসেন, ম্যানেজমেন্ট ক্লাবের সাধারণ সম্পাদক জাকারিয়া শুভ, ম্যানেজমেন্ট অ্যাসোসিয়েশন অব বিজয় একাত্তর হলের সাধারণ সম্পাদক হাফিজুর রহমানসহ বিভাগের শিক্ষার্থীরা।

মানববন্ধনে অধ্যাপক ড. আলী আক্কাস হামলাকারীদের খুঁজে বের করে বিচারের মুখোমুখি করার জন্য আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর প্রতি আহ্বান জানান তিনি।

বক্তারা মানববন্ধন থেকে আগামীকাল ১২ জুন ম্যানেজমেন্ট বিভাগের পক্ষ থেকে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য বরাবর গণস্বাক্ষর ও স্মারকলিপি পেশ করবে বলে ঘোষণা দেয়। এর আগে শিক্ষার্থীরা একটি মৌন মিছিল বের করেন। মিছিলটি ক্যাম্পাসের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে অপরাজেয় বাংলা গিয়ে মানববন্ধনে সমবেত হয়।

বৃহস্পতিবার গ্রীষ্ম ও রমজানের ছুটিতে গ্রামের বাড়ি বাগেরহাট যাওয়ার পথে সায়েদাবাদ রেলক্রসিংয়ের কাছে ছিনতাইকারীদের হামলার শিকার হয়ে গুরুতর আহত হন ব্যবস্থাপনা বিভাগের দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী তাবাসসুম ফারিয়া জ্যোতি ও তার বড় ভাই ফলিত গণিত বিভাগের স্নাতকোত্তরের শিক্ষার্থী এজাবুল হক। দু'জনই এখন ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন।